

সিলেট অঞ্চলে ১৫৫টি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প

সুনামগঞ্জ, ১১ জুন (সংবাদদাতা)।— সিলেট অঞ্চলের ৩টি জেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নে ১৫৫টি প্রকল্প গৃহীত হয়েছে বলে জানা গেছে। এর জন্য ব্যয় বরাদ্দ রয়েছে প্রায় ৪ কোটি ৬৫ লাখ টাকা।

জানা গেছে, ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট কুমিল্লা জেলার আওতায় সুনামগঞ্জ ৮৬টি, হবিগঞ্জ ৪৭টি এবং মৌলভীবাজারে ২২টি প্রকল্প গৃহীত হয়েছে। সুনামগঞ্জের ৮৬টি প্রকল্পের জন্য মোট বরাদ্দ ২ কোটি ৫৭ লাখ ৬৮ হাজার ৩শ' ৫২ টাকা। হবিগঞ্জে ব্যয়িত হবে ১ কোটি ৪০ লাখ ৮২ হাজার ৭শ' ৪ টাকা এবং মৌলভীবাজারে ৬৫ লাখ ৯১ হাজার ৯শ' ৪ টাকা। প্রতিটি বিদ্যালয়ে ২ লাখ ৯৯ হাজার ৬শ' ৩২ টাকা করে ব্যয় হবে বলে প্রাপ্ত সংবাদে প্রকাশ।

প্রকল্প বাস্তবায়নে সব ধরনের কারচুপি প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। এখানে উল্লেখ্য, প্রতি বছর এমনি ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে এতদঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের

উন্নয়নের জন্যে শিক্ষা বিভাগ প্রচেষ্টা চালিয়ে থাকেন। কিন্তু প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্টদের সীমাহীন কারচুপির কারণে কর্তৃপক্ষের সব মহতী উদ্যোগ ভেঙে যাচ্ছে।